

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় স্পেশাল জজ আদালত এর কার্যালয়
বরিশাল।

বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ইস্যু হয়েছে কিন্তু তাকে না পাওয়ায় তা জারি করা সম্ভব হয় নাই;

এবং যেহেতু ১৮৯৮ খ্রিঃ সনের ফৌজদারী কার্যবিধি'র ৮৭/৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামির বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হয়েছে;

এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করবার মতো যথেষ্ট কারণ রয়েছে যে নিম্ন বর্ণিত আসামি গ্রেফতার এড়াবার জন্য সে পলাতক রয়েছে বা আত্মগোপন করেছে;

এবং যেহেতু উক্ত আসামিকে শীত্রই গ্রেফতার করবার সম্ভাবনা নাই সেহেতু The Criminal Law Amendment Act, 1958 এর 6[(1A)] ধারা মোতাবেক তার (নিম্ন তফসিল বর্ণিত) নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে তাকে আদালতে হাজির হবার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় তার অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হবে।

তফসিল

ক্রঃ নং	আসামির নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১।	১। আসলাম হোসেন, এম. এল. এস. এস. পিতা-মৃত আদম আলী ফরিদ, অগ্রণী ব্যাংক লিমিটেড, উলানিয়া শাখা, মেহেন্দিগঞ্জ, বরিশাল। ছায়া ঠিকানা : সাং পূর্বচর আইচা, (শায়েস্তাবাদ), থানা-কোত্তালী, জেলা-বরিশাল।	স্পেশাল মামলা নং ০১/২০১৮, মেহেন্দিগঞ্জ থানার মামলা নং ১৩, তারিখ-২৪-০৩-২০০২ খ্রিঃ, তথা জি, আর- ৩২/২০০২, ধারা-Penal Code এর ৮০৮/৮০৯/৮২০ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা। (নিয়মিত ধার্য তারিখ ৩১-০৩-২০২৪ খ্রিঃ)।

মেহেন্দী আল মাসুদ
বিভাগীয় স্পেশাল জজ, বরিশাল।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রাগালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩২৬৯)

মূল্য : টাকা ৮.০০